**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১

* * * * * * * * * * * * * * * * * * * * *



হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG


"ওঠো , জাগো , লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না "



- স্বামী বিবেকানন্দ


ইন্টারনেট সংস্করণ : eiyug.in [ PRICE। মূল্য-2 টাকা ]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 24 JUNE 2025 , TUESDAY । ২৪ জুন ২০২৫ , মঙ্গলবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-312 PAGE । পৃষ্ঠা-4


## মদের আসর বন্ধ করতে গিয়ে আক্রান্ত শাসকদলের কাউন্সিলর



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ২৩ জুন : প্রশাসনিক ভাবে মাদকদ্রব্য বর্জনের প্রচার চলছে জোর কদমে। আলিপুরদুয়ার জেলা শহরের আলিপুরদুয়ার পুরসভার ১৫ নম্বর ওয়ার্ডে কাউন্সিলর দুষ্কৃতীদের হাতে মার খেলেন। তিনি শাসক দলের কাউন্সিলর পার্থপ্রতিম মন্ডল।মদের আসরে দুষ্কৃতীদের বাঁধা দিতে গিয়ে রবিবার রাত সাড়ে এগারোটা নাগাদ আক্রান্ত হন আলিপুরদুয়ার পুরসভার ১৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর পার্থপ্রতিম মন্ডল ও তার দাদা।তাঁকে ব্যাপক মারধোর করা হয়। এমনকি তাকে ধাক্কা মেরে ড্রেনে ফেলে দেওয়া হয়।কাউন্সিলর ততক্ষনে ওয়ার্ডের সকলকে জানালে পালিয়ে যায় দুষ্কৃতীকারীরা।পুলিশ রাতেই ঘটনাস্থলে পৌঁছে ২ জনকে গ্রেফতার করেছে।১৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসার পর আজ সকালে আলিপুরদুয়ার থানায় যান।১৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দারা আলিপুরদুয়ার থানায় গিয়ে বিক্ষোভে সামিল হন। কাউন্সিলরের গাঁয়ে হাত।ছাড়বার পাত্র নন ওয়ার্ডের বাসিন্দারা।তারা দোষীদের উপযুক্ত শাস্তির দাবি করেছেনএখানে উল্লেখ্য আলিপুরদুয়ার পুরসভার ১৫ নম্বর ওয়ার্ডের বকরিবাড়ি এলাকায় প্রতিদিন রাতের বেলায় মদের আসর বসে।দুষ্কৃতীদের আখড়ায় পরিনত হয়েছে ওই এলাকায়।প্রতিদিন ওই এলাকায় মদের আসর বসে। নানা অসামাজিক কাজকর্ম হয়।রবিবার রাতে একাই ওই এলাকায় গিয়ে এসব কাজে প্রতিবাদ করায় আক্রান্ত হন কাউন্সিলর। দুষ্কৃতী রা শাসক দলের কাউন্সিলর কে ব্যাপক মারধোর করে।ওয়ার্ডের বাসিন্দারা এর বিচার চেয়ে পুলিশের দ্বারস্থ হয়েছেন। কাউন্সিলর অবিলম্বে পুলিশ কে ব্যাবস্থা নিতে বলেছেন।

## জুলাই মাসের নয় তারিখ সারা ভারত সাধারন ধর্মঘটের সমর্থনে ও এক গুচ্ছ দাবি জানিয়ে গেট মিটিং



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , জলপাইগুড়ি , ২৩ জুন : জুলাই মাসের নয় তারিখ সারা ভারত সাধারন ধর্মঘট এর সমর্থনে এবং চা শ্রমিকদের ন্যায্য অধিকার ও কেন্দ্রীয় সরকারের শ্রমনীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে উত্তরবঙ্গের বিভিন্ন চা বাগান গুলিতে গেট মিটিং এর কর্মসূচি গ্রহন করেছে চা শ্রমিকদের যৌথ মঞ্চ বা জয়েন্ট ফোরাম। এই কর্মসূচি অনুসারে সোমবার জলপাইগুড়ির করলা ভ্যালি চা বাগান ফ্যাক্টরির সামনে গেট মিটিং অনুষ্ঠিত হয়। গেট মিটিংয়ে শ্রমিক নেতারা বক্তব্য রাখতে গিয়ে বলেন দীর্ঘদিন ধরে চা শ্রমিকরা ন্যূনতম মজুরি থেকে বঞ্চিত , চা বাগানে বসবাসকারী পরিবারগুলো জমির পাট্টা পাচ্ছেনা , পি এফ ও গ্র্যাচুইটি নিয়ে শ্রমিকরা নিত্য হয়রানির শিকার হচ্ছেন। এসব সমস্যার দ্রুত সমাধান করে কেন্দ্রীয় শ্রম কোড বাতিল করা হোক। এছাড়াও চা বাগানের ত্রিশ শতাংশ জমি কর্পোরেট সংস্থার হাতে তুলে দেবার যে চক্রান্ত রাজ্য সরকার করেছে তার ও বিরোধিতা করেন বক্তারা। গেট মিটিং এর পর চা বাগানের ম্যানেজারকে একটি স্মারকলিপি প্রদান করা হয় স্মারকলিপিতে চা শ্রমিকদের দ্রুত জ্বালানী সরবরাহ করা , আবাসের সংস্কার করা , জুতা , ছাতা ও তৃপল সরবরাহ করা সহ শ্রমিকদের নিত্য সমস্যাবলী সমাধানের দাবি জানানো হয়। ম্যানেজার স্মারকলিপি গ্রহন করে জানান তিনি মালিকপক্ষকে স্মারকলিপিটি বিবেচনার জন্য পাঠিয়ে দেবেন।

## কলকাতার সল্টলেকে আলিপুরদুয়ার ভবন নির্মানের জন্য তৎপর বিধায়ক



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ২৩ জুন : কলকাতার সল্টলেকএ আলিপুরদুয়ার ভবন নির্মানের জন্য দুহাজার সতেরো সালে আলিপুরদুয়ার জেলা পরিষদকে জমি দেয় রাজ্য সরকার। সম্প্রতি সেই জমিটি পরিদর্শন করলেন আলিপুরদুয়ার এর বিধায়ক সুমন কাঞ্জিলাল। তিনি ঝোপ জঙ্গলে ঢাকা জমিটি পরিদর্শন করে জানান জমিটিতে সীমানা প্রাচীর দেওয়া আছে ও গেট লাগানো আছে। জমি দেখার পর বিধায়ক সোমবার বিধানসভার চলতি অধিবেশনে জমিতে ভবন নির্মানের জন্য অর্থ বরাদ্দের লিখিত আবেদন জানান রাজ্যের পঞ্চায়েত মন্ত্রীকে। পঞ্চায়েত মন্ত্রক থেকে জম্মানো হয় দুহাজার সতেরো সালের পর এই প্রথম বিষয়টি নিয়ে লিখিত আবেদন করা হলো। বিধায়ক সুমন কাঞ্জিলাল জানান তিনি ভবনের প্রস্তাবিত নকশাটিও হাতে পেয়েছেন। দ্রুত যাতে আলিপুরদুয়ার ভবন নির্মানের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ হয় সে বিষয়ে তিনি জেলা পরিষদ, পঞ্চায়েত দপ্তর সহ যেখানে কথা বলার প্রয়োজন সেখানে কথা বলবেন। তিনি আরও বলেন আলিপুরদুয়ার থেকে চিকিৎসা সহ বিভিন্ন প্রয়োজনে আলিপুরদুয়ারবাসী কলকাতায় যান। সেখানে গিয়ে তাদের প্রধান সমস্যা হয়ে দাঁড়ায় মাথা গোঁজার ঠাঁই। আলিপুরদুয়ার বভবন নির্মান হলে সে সমস্যা দূর হবে। ভবন নির্মানের জন্য প্রয়োজনীয় অর্থ সংশ্লিষ্ট দপ্তর থেকে বরাদ্দ করে কাজ শুরুর বিষয়ে তিনি আশাবাদী বলেও জানান। বিধায়কের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন আলিপুরদুয়ারবাসী।

## উদ্ধার গুলি সহ আগ্নেয়াস্ত্র , গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , মুর্শিদাবাদ ,২৩ জুন : মুর্শিদাবাদ জেলা পুলিশের রানীনগর থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে রবিবার রাতে থানা এলাকায় এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। ততল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় একটি আগ্নেয়াস্ত্র ও তিন রাউন্ড গুলি। উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে আটক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। ধৃতের বিরুদ্ধে রানীনগর থানায় নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে ধৃতকে আদালতে পেশ করা হয়েছে সোমবার। তদন্তের স্বার্থে ধৃত ব্যক্তির নাম ঠিকানা গোপন রেখে পুলিশ খতিয়ে দেখছে ধৃত ব্যক্তি কোথা থেকে কি উদ্দেশ্যে আগ্নেয়াস্ত্র ও গুলি সংগ্রহ করেছে। তার সাথে আরও কেউ জড়িত আছে কিনা তা তদন্ত করে দেখছে পুলিশ।

## জেলার কথা

# আলিপুরদুয়ারে সুইমিং পুলের উদ্বোধন করবেন মন্ত্রী



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন : আলিপুরদুয়ার ১৮ নম্বর ওয়ার্ডে সুইমিং পুলের কাজের উদ্বোধন করবেন উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ আগামী ২৬ তারিখ অনুষ্ঠানের মধ্যে দিয়ে। সোমবার অনুষ্ঠান মঞ্চের কাজ পরিদর্শন করলেন আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর। এদিন তার সঙ্গে ছিলেন আলিপুরদুয়ার পৌরসভার ভাইস চেয়ারম্যান সহ অন্যান্য কাউন্সিলর গন। মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আলিপুরদুয়ারে সুইমিং পুল তৈরির কাজের শিলান্যাস হবে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন আলিপুরদুয়ার জেলার বিভিন্ন আধিকারিক থেকে শুরু করে রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বড়াই। সুইমিং পুল উদ্বোধনের পাশাপাশি তিনি বেশ কয়েকটি রাস্তার উদ্বোধন করবেন আলিপুরদুয়ার থেকেই জানিয়েছেন পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর।

# ডাইনি অপবাদ দিয়ে ভাঙচুর বাড়ি ঘর ,পালিয়ে গেল বৃদ্ধ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন : আলিপুরদুয়ার জেলা শহরের পাশেই ডাইনি অপবাদ দিয়ে ভাঙচুর করা হলো বাড়িঘর। চরম উত্তেজনা রয়েছে এলাকায় সোমবার রাত পর্যন্ত। ডাইনি অপবাদ দিয়ে এক বৃদ্ধের বাড়িঘর ভাঙচুর করলেন স্থানীয় বাসিন্দারা। ঘটনায় চরম উত্তেজনা ছড়িয়েছে আলিপুরদুয়ার জেলা শহরের পাশে বঞ্চুকামারী গ্রাম পঞ্চায়েতের গাড়োভীটা এলাকায়। রবিবার গভীর রাতে ওই এলাকার বাসিন্দা অভয় চরণ রায় নামে এক ব্যক্তি যাকে এলাকায় গুনিন বলেই চেনেন , তার বাড়িয়ে চড়াও হয়। চালায় ভাঙচুর। প্রাণে বাঁচতে কোনক্রমে বাড়ি থেকে পালিয়ে বেচে যান বৃদ্ধ। এলাকাবাসীদের দাবী , গত এক বছরে পাঁচটি অস্বাভাবিক মৃত্যুর ঘটনা ঘটেছে ওই এলাকায়। আর এই মৃত্যুগুলির কারন হিসেবে , গ্রামবাসীরা তার দিকেই আঙ্গুল উঠায়। এই অভিযোগেই রবিবার রাতে তার বাড়িতে চড়াও হন একদল বাসিন্দা। আর এরপরেই প্রাণে বাঁচতে বাড়ি থেকে পালিয়ে যান তিনি। সোমবার দিনভর ওই এলাকায় চরম উত্তেজনা ছড়ায়। তবে বিষয়টি নিয়ে পুলিশ কোন প্রতিক্রিয়া দেয়নি। এলাকার বাসিন্দাদের মুখ থেকে শোনা গেছে অভয় চরণ রায় কে আর এই গ্রামে ঢুকতে দেওয়া হবে না। সোমবার ওই এলাকায় যান পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের আলিপুরদুয়ার জেলা শাখার সদস্যরা। ঘন্টা তিনেক ধরে তারা গ্রামের বাসিন্দাদের সঙ্গে কথা বলে কুসংস্কার বিরোধী প্রচার চালান এবং যুক্তিবাদী দৃষ্টিভঙ্গি গড়ে তোলার চেষ্টা করেন। সংগঠনের জেলা সম্পাদক সঞ্জয় দল বলেন , "জেলা সদর শহরের এত কাছেই এখনো ডাইনিবিদ্যা জনিত কুসংস্কার এর প্রভাব রয়েছে এটা খুব উদ্বেগ জনক। বৈজ্ঞানিক যুক্তি দিয়ে বোঝানোর চেষ্টা করলেও গ্রামবাসীরা তাদের সিদ্ধান্তে অনড় আছেন । আমরা প্রচেষ্টা চালিয়ে যাব। "

## কাগজের নৌকা

২৪ জুন ২০২৫ , মঙ্গলবার

# সুখ-দুঃখ

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

জীবনটা এক যেন মরু-তীর্থ ,গুল্ম সমতুল্য ,
সুখের সিঁড়ি বড় পিঁছোল ,
মধুর সুখ থাকে বহু যোজন দূরে ,
হড়কে পড়ার বড় ভয় ,
সব যেন শূন্যতায় মিলিয়ে যায় ,
দৈন্য-তায় সবকিছু যেন পথ হারায়।
মনের ক্ষুধা বাড়ায় পাগলামি ,
বেঁচে আছি শুধু ,
বুকের ভেতর কষ্ট নিয়ে ,
বহাল তবিয়তে ,
শুধুই হৃদয় জুড়ে,
কষ্টগুলো আগলে রেখে ,
ফিরেই আছে শুধু পাল তুলে ,
জরাজীর্ণ তীরে বইছে যেন বিষন্নতা ,
তাড়া করছে ক্ষনিকের আসভাসন ,
ক্ষণস্থায়ী জীবনে সুখ এসে কড়া নাড়ে ,
আঁধার নামবে অমাবস্যার রাতে ,
সমাজের চোখে হয়তো ,
জীবিত হয়েই যাবে ,
পুড়ে ছাই হয়ে ফিরবে তবুও ,
জীবন্ত এক কামনার অপলক চিত্তে ,
সব যেন রয়ে যাবে এই ভিটেতেই।।

# নিয়ন্ত্রণ হারিয়ে গ্যাস ট্যাঙ্কার উল্টে গেল




মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,২৩ জুন : বড় ধরনের দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেলেন এলাকার বাসিন্দারা। আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের মেন্দা বাড়ি এলাকায় ৩১ নম্বর জাতীয় সড়কে নিয়ন্ত্রণ হারিয়ে জাতীয় সড়কের পাশে উল্টে যায় একটি গ্যাস ট্যাঙ্কার। দুর্ঘটনার খবর পাওয়ার পর এই ঘটনাস্থলে ছুটে আসে দমকল বিভাগের কর্মীরা। সোমবার বিকেল নাগাদ পুলিশের তৎপরতায় গ্যাস ট্যাংকার গাড়িটি কে তুলে কালচিনি থানায় নিয়ে আসা হয়েছে। পুলিশ একটি দুর্ঘটনার মামলা শুরু করেছে।

# স্বনির্ভর হওয়ার লক্ষ্যে মহিলাদের প্রশিক্ষণ সরকারিভাবে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন : মজিদখানা কৃষি সমবায় সমিতির পক্ষ থেকে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের নিয়ে একটি প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের শামুকতলা রোড এলাকায়। এমনটাই জানা গেছে কর্মকর্তাদের কাছ থেকে সোমবার বিকেল ছটা নাগাদ। মহিলাদের স্বনির্ভর করার লক্ষ্যেই এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে। আগামী ১৫ দিন ধরে চলবে এই প্রশিক্ষণ। প্রতিদিন সাড়ে চার ঘণ্টা করে প্রশিক্ষণ নিবেন তারা। কর্মকর্তাদের কাছ থেকে জানা গেছে আলিপুরদুয়ার দু নম্বর ব্লকের ৩০ জন মহিলা এই প্রশিক্ষণ নিবেন আগামী ১৫ দিন।

# মারাখাতায় রায়ডাক নদী থেকে বৃদ্ধের মৃতদেহ উদ্ধার




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন : সোমবার কুমারগ্রাম ব্লকের খোয়ারডাঙা-১ নম্বর গ্রাম পঞ্চায়েতের মারাখাতা সংলগ্ন চুনদার ঘাট এলাকায় রায়ডাক নদী থেকে এক বৃদ্ধের মৃতদেহ উদ্ধার হল। জানা গিয়েছে , মৃতের নাম দেবেন্দ্রনাথ দাস , বয়স আনুমানিক ৬৬। কুমারগ্রাম ব্লকের চেংমারি গ্রাম পঞ্চায়েতের গাইন পাড়া এলাকায় তাঁর বাড়ি। সোমবার মারাখাতা সংলগ্ন চুনদার ঘাট এলাকায় রায়ডাক নদীতে স্থানীয়রা একটি দেহ ভাসতে দেখেন। খবর পেয়ে ঘটনাস্থলে আসে কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ। দেহ উদ্ধার করে কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে আনা হয়। কর্তব্যরত চিকিৎসক ওই বৃদ্ধকে মৃত বলে ঘোষণা করেন। এরপর পুলিশ খোঁজখবর নিয়ে জানতে পারে , ওই বৃদ্ধের নাম দেবেন্দ্রনাথ দাস। তিনি চেংমারির গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা। পুলিশ জানিয়েছে , মঙ্গলবার দেহ ময়নাতদন্তে পাঠানো হবে। ঘটনার তদন্ত শুরু করা হয়েছে।

# শিলিগুড়িতে ডাকাতি ,শামুক তলায় চলছে তল্লাশি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন : শিলিগুড়িতে সোনার দোকানে দুঃসাহসিক ডাকাতির পর শামুকতলা থানার পুলিশ থানা এলাকার বিভিন্ন প্রান্তে গাড়ি গুলিতে তল্লাশি শুরু করেছে এমনটাই জানা গেছে শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দের কাছ থেকে সোমবার বিকেল ছটা নাগাদ। এদিন থানা এলাকার বিভিন্ন প্রান্তে সকাল থেকেই যাত্রীবাহী গাড়িগুলোতে তল্লাশি শুরু করা হয়েছে। সোমবার বিকেল পাঁচটা নাগাদ আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কের নন্দীগ্রাম এলাকায় তল্লাশিতে নেমেছে শামুকতলা থানার পুলিশ। থানা এলাকায় অপরাধ কমাতেই তল্লাশি চলতে থাকবে আগামী কয়েক দিন ধরে।

# গাঁজা পাচারে যুক্ত আলিপুরদুয়ারের ২ সিভিক ভলেন্টিয়ার ও ১ হোম গার্ড



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন: আলিপুরদুয়ার জেলা পুলিশের উদ্যোগে স্কুল কলেজ জনবহুল এলাকায় মাদকদ্রব্য বর্জনের জন্য প্রচার চালানো হচ্ছে জোর কদমে। আর সেই ঠিক সময়ে মাদক পাচারে জড়িত হয়ে গেলেন প্রশাসনের সঙ্গে জড়িত ব্যক্তিরাই। গাঁজা পাচার করতে গিয়ে আলিপুরদুয়ার পুলিশের জালে গ্রেপ্তার ২ সিভিক সহ ১ হোমগার্ড। প্রায় ২০ কেজি গাঁজা উদ্ধার হবার পাশাপাশি গ্রেপ্তার করা হয়েছে ৩ জনকে। প্রাথমিকভাবে পুলিশ সুত্রে জানা গিয়েছে, ধৃত ৩ জনের মধ্যে দুজন জিআরপিতে কর্তব্যরত সিভিক ভলেন্টিয়ার ও একজন জি আর পি-র হোমগার্ড। ধৃতদের নাম অভিজিৎ বর্মন, নীতিশ রায়, মানিকচন্দ্র বর্মন। প্রথম দুজনের বাড়ি আলিপুরদুয়ার জেলায়। তৃতীয় জনের বাড়ি কোচবিহারে। তারা প্রত্যেকেই আলিপুরদুয়ার জংশন স্টেশনে কর্মরত ছিল। এই পাচার চক্রে আরও কেউ জড়িয়ে রয়েছে কিনা তা খতিয়ে দেখছে আলিপুরদুয়ার পুলিশ। পুলিশ সুত্রে জানা গিয়েছে, আলিপুরদুয়ার জংশন স্টেশন থেকে নির্দিষ্ট কোন ট্রেনে করে ওই গাজা পাচারের পরিকল্পনা নেওয়া হয়েছিল।পুলিশের কাছে আগে থেকেই খবর ছিল। জেলা পুলিশ সুপার ওয়াই রঘুবংশী বলেন, "মাদক দ্রব্যের বিরুদ্ধে জেলা জুরে অভিযান ,প্রচার অভিযান চলছে। অপরাধীদের রেওয়াত করা হবেনা।সে যেই হোক।৩ জনকে গ্রেপ্তার করে ঘটনার তদন্ত শুরু হয়েছে।"

# ঝোরায় পড়ে মৃত্যু যুবকের দাবি উঠেছে ব্রীজ নির্মাণের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন: কালচিনি ব্লকের ভাটপাড়া চা বাগানের আছাপাড়া এলাকায় ঝোরায় সেতু নির্মাণের দাবিতে সরব হল এলাকার বাসিন্দারা। এদিন এলাকার বাসিন্দারা কালচিনি বিডিও অফিসে জমায়েত বিডিও কাছে ডেপুটেশন প্রদান করে। এই বিষয়ে উল্লেখ্য গতকাল ওই ঝোরাতে ডুবে মৃত্যু হয় সমীর লোহার নামক এলাকার এক বাসিন্দার। গতকাল বৃষ্টি হওয়ায় ঝোরায় জল বৃদ্ধি পায় ঐ সময় এলাকার বাসিন্দা সমীর লোহার ঝোরা পারাপার করছিল জলের স্রোতে তাকে ভাসিয়ে নিয়ে যায় অনেকদূর নিয়ে যাওয়ার পর এলাকার বাসিন্দারা তাকে উদ্ধার করে আলিপুরদুয়ার হাসপাতালে নিয়ে যায় এবং হাসপাতালে তার মৃত্যু হয়। এছাড়া এর পূর্বে ঐ ঝোরাতে অনেক দুর্ঘটনা ঘটেছে। এদিন এলাকার বাসিন্দারা সবাই কালচিনি বিডিও অফিসে জমায়েত হয়ে ঝোরার উপর সেতু নির্মাণ দাবিতে সরব হয়। যদিও এই বিষয়ে কালচিনি বিডিও জানান মিঠুন মজুমদার জানান বিষয়টা জেলায় জানিয়েছি এবং পরিকল্পনা করে জেলায় পাঠানো হচ্ছে।

# ফালাকাটায় জুয়েলারি ব্যবসায়ীদের নিরাপত্তা প্রদান



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন: শিলিগুড়িতে সোনার দোকানে দুঃসাহসিক ডাকাতির পরেই ফালাকাটা থানার পুলিশ থানা এলাকার সোনার দোকানগুলোতে পরিদর্শন শুরু করলেন সোমবারে। ব্যবসায়ীদের নিরাপত্তার স্বার্থে প্রত্যেকটি সোনার দোকানে সিসিটিভি সঠিক রাখার পরামর্শ দেওয়া হয়েছে। তাছাড়া দোকানের সামনে পর্যাপ্ত পরিমাণে আলো রাখার পরামর্শ দেওয়া হয়েছে। ব্যবসায়ীদেরকে নিয়ে প্রশাসনের তরফ থেকে একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ খোলা হয়েছে। যে কোনো রকম সুবিধা অসুবিধা কথা এই গ্রুপের মাধ্যমে প্রশাসনিক কর্তাদের জানানো যাবে। তাছাড়া দোকানে একবারে অনেক গ্রাহককে না ঢোকানোর জন্য পরামর্শ দেওয়া হয়েছে। প্রশাসনের পক্ষ থেকে কড়া নজরদারি চালানো হবে ফালাকাটা থানায় এলাকায় সোনার দোকানগুলিতে। সন্দেহজনক কোন ঘটনা সামনে আসলে প্রশাসনিক কর্তাদের জানানোর পরামর্শ দেওয়া হয়েছে ব্যবসায়ীদের।






EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।